শ্রীশ্রীদুর্গা।

শরণং।

পাঞ্চকল্যানীয

প্রথম বাক্যায়।

শ্রীমহেশচন্দ্র দাস দে কর্ত্তৃক

প্রণীত।

কলিকাতা।

শ্রীগৌরীচরণ পালের

হরিহর যন্ত্রে মুদ্রাঙ্কিত

এই পুস্তক যাঁহার প্রয়োজন

হইবেক তাঁহারা

শ্রী দুর্গাচরণ মিত্রের ইষ্ট্রীটে

১০১ নাগাদ ১০৩ নম্বর বাটীতে

তত্ত্বকরিলে পাইবেন।

ইতি সন ১২৬৭ সাল তারিখ

২৩ আষাঢ় রোজ লক্ষীবার

আদ্য অক্ষরে চিত্রকাব্য।

নাথের শ্রীচরণ কর মন সার।
রিলে মানব দেহ নাহইবে আর॥
না করি যদিরহ নাহি ভজ তাঁরে।
মন আগেত লয়েযাবে কেশে ধোরে।
রাচরে আদি রক্ষাকরিতে নারিবে।
তগাদি দুতগণে নরকে ফেলিবে॥
রূপ আঘাতে হবে জীবনে কাতর।
স ব্যাস্ত করিবে শমন খরতর॥
থিক্য কেনমা মন ভবে আছভুলে।
রিবে যখন আয়ু জানিবে সকলে॥
বে কর পরাৎপরে যদি আরাধনা।
জিলে মানব দেহ জন্ম হইবেনা॥
বেচনা কর মন তিনি মুলাধার।
বি শশী হুতাশন গন নহে তাঁর॥
ন্তহ তাঁহার পদ যদি একবার।
বেত ধরায় জন্ম নাহইবে আর॥

সূচীপত্র।

শ্রীশ্রীহরিঃ।

শরণং।

পঞ্চকল্যাণী পাঁচালী গ্রন্থঃ।

শ্রবণে পবিত্র চিত্ত, বাল্মীকের সুরচিত, রামতত্ত্ব বোধ কাহিনী। রাবণে করি নিপাত, অযোধ্যাতে রঘুনাথ, রাজাহয়ে বসিলা আপনি॥ ভরত লক্ষ্মণ পরে, চামোর ব্যজনকরে, শিরেছত্র ধরেন শত্রুঘন। বামে বসিলেন সীতে, প্রজাবর্গে চতুর্ভিতে, করিতেছে মঙ্গলাচরণ॥ এথা যতমুনিগণ, করিলেন আগমন, রামদরশন করিবারে। লিখিয়া যানাব কত, মুনিগণ আইল যত, অগণন রামের দুয়ারে॥ অগস্ত্য পুলস্ত গর্গ, দুর্ব্বাশা গৌতম স্বর্গ, বিশ্বামিত্র গৌতম পরাসর। চাবন কৌণ্ডিল্য মুনি, ভরদ্বাজ মহাজ্ঞানি, শুকদেব লোমশ সগর॥ বাল্যখিল্য ভরদ্বাজ, কণ্বাদি মুনি সমাজ, পশ্চাতেতে ব্রহ্মার নন্দন। করে করি যন্ত্র বীণে, মুখে হরি মন্ত্র বিনে, নাহিকরে অন্য আলাপণ॥ বলে ওরে সোনবীণে রামসীতা নামবিনে, কি রূপেতে হবে ভবে পার। জব সদা সেইনাম, প্রাপ্তহবে মোক্ষধাম, ভবার্ণবে হইবে নিস্তার॥

গীতং। রাগিণী বাহার। তালকওয়ালি।

ওরে মন রঘুনাথ নাম কররে কীর্ত্তন। ভব পারে যেতে হবে, সঙ্গে কেহ নাহি যাবে, মাটির দেহ মাটি হবে অকারণ॥ ভাই বন্ধু সংসার, কেহ নহে আপনার, সকলি মিছে সংসার, সার নারায়ণ। যখন ছিলি জঠরে, বলে ছিলি বারে২, এবার গিয়ে ধরাপরে, করিব তাঁর সাধন॥

ছড়া। এইরূপে মনেরে বুঝান মহামুনি। অপরেতে হেরিবারে চলেন চিন্তামণি। যথা আছেন রঘুনাথ রত্ন সিংহাসনে। বামেতে জানকীদেবী আনন্দিত মনে॥ চামোর ব্যজন করেন ভরত শত্রুঘন। শিরেতে ধরিয়া ছত্র অনুজ লক্ষ্মণ॥ দেখি সভা মন লোভা রাজসভাস্থল। আগমন হৈলা মুনিগণেরা সকল॥ হেরি মুনিগণ রামসুখী মন হৈলা অতিশয়। পাদ্যঅর্ঘে মুনিসবে বসান ত্বরায়॥ করি দর্প রামচন্দ্র মুনিগণে কন। একা রাবণে সবংশ সনে করেছি নিধন॥ কুম্ভকর্ণ মেঘবর্ণ সমরে দুর্জ্জয়। যাহার বিক্রম অতুল পরাক্রম শক্যে নাহি হয়॥ হেন বীরসব করি পরাজয় দুই ভাই রণে। কেবা মোর সম হবে পরাক্রম এই ত্রিভুবনে॥ শুনি রাম বাণী যতেক মুনি নিরবে রহিল। মুনি অগস্ত্য শ্রীরামে ত্রস্ত ক-

হইতে লাগিল। শুন রঘুমণি রাবণেরে জিনি করিছ অহঙ্কার। তাহা হইতে আছে এক বীর অবতার॥ আউলঙ্কা ধাম, শতানন নাম, মহাধনুর্দ্ধর। তাহার ডরে এতিন সংসারে কম্পে থরথর। স্বর্গ মর্ত্ত আদি যত সবে কাঁপে ডরে। শতরাবণে তাহার রণে কি করিতে পারে॥ যদি তারে জিনিবারে পার রঘুনাথ। তবে বীরবর বট রঘুকুল জানিল যত মুনি॥ শুনিয়া এবাণী ঈশ্বর রঘুমণি হৈলা অতিশয়। সেউষ্ম কেমন করিব বর্ণন শুনহ সভায়॥

তখন শতস্কন্ধের উপর রামের উষ্ম কেমন।

যেমন বৈরাগীর উষ্ম বলিদানে। শিবের উষ্ম মদন বাণে॥ কৃষ্ণের উষ্ম কংসাসুরে। অর্জ্জুনের উষ্ম জয়দ্রথে॥ ইন্দ্রের উষ্ম রাক্ষসগণে। গরুড়ের উষ্ম সর্পগণে॥ যবনের উষ্ম গিরিগটেয়। হিরণ্যকশিপুর উষ্ম শ্রীকৃষ্ণেয়॥ বামনের উষ্ম শুক্রাচার্য্যেরে। গো-পীদের উষ্ম অক্রূরমুনিরে॥ ভগবতীর উষ্ম দানবপ্রতি। তেমনি রামের উষ্ম শতানন প্রতি॥

ছড়া। শুনি কোপে ভগবান, কহে মুনি বিদ্যমান শুনশুন যতমুনিগণ। কহিতেছি, প্রতিজ্ঞাকরি, গিয়া আউলঙ্কাপুরী, শতাননের বধিব জীবন॥ এতবলি রঘুনাথ, সাজিলেন তৎক্ষণাত, চারিভাই চলিলা সমরে। অঙ্গদাদি হনুমান, বিভীষণ জাম্ববান, নল

সজ্জা সকলেতে করে ।। বানরের কোলাহলে, চম
কীত ভুমণ্ডলে, শ্রবণে শ্রবণকরেন সীতে। রামপাশে
আসিকন, করি প্রভু নিবেদন, রণসাজ দেখি কিজ
ন্যেতে ।। কোথায় হবে গমন; কহশুনি বিবরণ; শু
নিয়া কহেনরঘুনাথ। আউলঙ্কাপুরে ধাম, বীর শঙ্খ
নল নাম, তারে রণেকরিব নিপাত ।। শুনহ জানক
তুমি, পূর্ব্বেতে প্রতিজ্ঞা আমিকরিয়াছি মুনিগণস্থা
এই পৃথিবীভিতরে, রাবণ নাম ধরে, সবংশে
বধিবতারপ্রাণ ।। শুনিসীতা হাসিকন, করিতেছোযে
নিবেদন, নাপারিবে তুমি মহাশয়। সিয়া সিছে পাছে
লাজ, হাসাবে মুনি সমাজ, শতানন তব বধ্য নয়
তথাচ অগ্রাহ্য করি, সমরে চলেনহরি, নাশুনিয়া সী
তার বচন। বীরগণ আস্ফালনে, ভূমিকম্প ক্ষণে
থর থর কম্পয়ে ভুবন ।।

রাগিণী বাহার। তালযৎ।

সমরে চলেন রাম সেনাগণ সঙ্গেলয়ে। হুহুঙ্কারে
কাঁপে ধরা বানর গর্জ্জন শুনিয়ে ।। কেহ ছাড়ে
সিংহনাদ, কেহ করে ঘোরনাদ, সারি২ চলেকপি
লাঙ্গুড়ে পর্ব্বতবান্ধিয়ে। মার২ সভেবলে, আস্ফা
লন করিচলে, বরিষার মেঘযেন মরুতে যায়
উড়ায়ে। মহেশচন্দ্র দাসে কয়, আকাশে তারা
শঙ্কাহয়, রামের সেনা শঙ্খ্যানাহয়, নাগিবকতবাড়ায়ে

করি উদ্ধার, দেববিনা সাক্তিকার, উদ্ধার কেকরে
এতভাবি সীতাসতী, ভদ্রকালীকরেস্তুতি, তংনগাপি
ভগবতী, উদ্ধার আমারে ॥ তুঁহি দেবী সারাৎসা
রা, ত্রিভুবনময়ী তারা, তুমি তারা নিরাকারা, শক্তি
সনাতনী। পার্ব্বতী পরমেশ্বরী, ছিন্নমস্তা ক্ষেমঙ্করী,
কালীতারা কামেশ্বরী, কালী কাত্যায়নী। কামরূপা
কলাবতী, কাশিশ্বরী দুর্গাবতী, কোথা ওগো হৈমব
তী, হরের ঘরণী ॥ এইরূপে কতস্তুতি, করে সীতা
গুণবতী, আশু আসি হৈমবতী, হইলা সদয়। কন
লহবর মনোনীত, যেবাবর মনোনীত, সেইবর দিব
ত্বরিত, কহিনু নিশ্চয় ॥ শুনি কন রামপ্রীয়ে, এই
বরদেহ হরপ্রীয়ে, রাম আছেন অচেতন হয়ে, রাব
ণের সমরে। যেন মনবধ্য হয়, তারেকর্ব্বির পরাজয়,
এইবর দিতে আজ্ঞা হয়, দেহ কৃপাকরে ॥ শুনি দেবী
হাসিকন, তববধ্য শতানন, তবখ্য হবে নিধন, তো-
মার করেতে। দিলাম আমি বরদান, করহ তথা প্র
য়ান, শতাননের বধিপ্রাণ, আন রঘুনাথে ॥ এতব
লি নিজশক্তি, প্রদান করেন শক্তি, দেবীবরে আত্ম
শক্তি, হইলেন সীতা। ঘুচিহেল ভয়ঙ্করা, লোলজি-
হ্বা ওসীধরা, রূপ হৈল মনোহরা, শ্রীরাম বনিতা।
চৌষট্টি যোগিনী সনে, হুহুঙ্কারকরিরণে, সমরে আ
নন্দ মনে, চলিলেন ত্বরা ॥ ভূমিকম্প হঙ্ক ঝম্পে,

সুরাসুর ত্রাসে কম্পে, দেখিয়া পলায় আতঙ্কে, দা-নব দৈত্যরা ॥ রথোপরে অধিষ্ঠাত্রি, চলিলেন জগৎকর্ত্রী, মার মার রবেসতী, প্রবেশে সমরে। হানহ করিরব, ধাইছে যোগিনীসব, হুহুঙ্কার করিরব, নৃত্য করি ফিরে। দেখি রাজা শুম্ভস্কন্ধ, রূপহেরি লাগে ধন্দ, জিজ্ঞাসে করি প্রবন্ধ ওসীত্তা গোচরে। কেবা তুমি উলাঙ্গিনী, পরিচয় দেহধনী, পরিবার করে সঙ্গিনী, আইলে রথোপরে ॥

গীত রাগিণী পরজ তালযৎ।

কারবামা উলাঙ্গিনী আইলে সমরে। নাহি লজ্জা একিসজ্জা পরিবারসঙ্গেকরে ॥ লোল জির্ভা ভয়ঙ্করা, রুধিরেখর্পরধরা, এলোকেশী ভয়ঙ্করা, পরিচয় দেহমোরে। কাহার রমণী হও, মোরে পরিচয়কও, সমরের সাধআজি ঘুচাব তোমারে ॥ মহেশচন্দ্র দাসেকয়, কৃপা কর মা আমায়, হোলে অন্তিমসময়, স্থান দিবে আমারে ॥ ধ্রুব।

ছড়া। শুনিয়া কোপিত হৈলা অসিতা রূপিনী। রণস্থলে অধিষ্টান হইলা আপনি ॥ অষ্ট সক্তি আবির্ভাব হইলা তখন। যার যেইবাহনেতে কৈল আগমন ॥ ময়ুরে কৌমারী বিষ্ণু গরুড় বাহনে। কমণ্ডলু করে ব্রহ্মা হংস আরোহনে ॥ শিবদূতী যমদূ

ন্দ্রী ইন্দ্রাণী ঐরাবতে। সাবিত্রী চামুণ্ডা আইলা সমর স্থলেতে॥ রণস্থল হৈলযেন ঘোর অন্ধকার। দেখি বীর শতাননের লাগে চমৎকার॥ কম্পেতে কম্প্রিভয় আতঙ্গ শরীর। শঙ্কাপায়ে পলাইয়া যায় মহাবীর॥

সে কেমন।

যেমন অর্জ্জুনের ভয়েপলায় বীর জয়দ্রথ। রাবণে দেখিয়া যেমন পলায় দেবরথ॥ সাধুগণে দেখি যেমন দস্যুতে পলায়। ব্যাঘ্র দেখি মরে যেমন পলাইয়াযায়॥ অলক্ষ্মী পলান যেমন লক্ষ্মী আগমনে। নির্জীব পলায় যেমন দেখি বজ্রবানে॥ গরুড়ে দেখিয়া যেমন পলায়নাগগণ। আচার দেখি অনাচার করে পলায়ন॥ রাক্ষসে পলায় যেমন দেখি হনুমানে। সেইরূপ পলায় রাবণ অসীতা দর্শনে॥

ছড়া। দেখি ভয়ে শতানন, করিতেছে পলায়ন চারিদিগে হেরে সীতারূপ। যেদিকে ফিরায় আঁখি অসীতার রূপদেখি, হেরি কোপে শতানন ভুপ॥ চিকুরাক্ষ সেনাপতি, দিলতারে অনুমতি, প্রথমেতে রণকরিবারে। বলেতার নাহি অন্ত, লইয়া সৈন্য সামন্ত আরোহিয়া চলে রথোপরে॥ বাদ্যবাজে সুগম্ভীর, সমরেতে চলেবীর, রণস্থলে অসীতা যথায় পরিপূর্ণ তমগুণে, অসীতা নাচিছেরণে, বেষ্টিত যোগিনীগণ তায়॥ দুইসৈন্য মিশামিশী, রণহয় অহ-

রূপী, কোন দৈত্য হানেতলয়ার। যতেক যোগিনী
গণে, হুহুঙ্কার করিরণে, সেনাগণে করিছে সংহার।
কারেবাকরেচর্ব্বন, নখেকরেবিনাশন, মুষ্টাঘাতেকাহা
রে সংহারে। কারেকরে পদাঘাত, এরূপে সৈন্য নি
পাত, দেখি কোপে চিকুরাক্ষবীরে॥ আসি অসীতা
গোচরে, কোপেতীক্ষ অস্ত্রমারে, ঘন২ ছাড়েহুহুঙ্কার
বাণ নাহি বিন্ধেগায়, আসিয়া পড়িছে পায়, মাতৃ
পদে করেনমস্কার॥ দেখিএরূপ আচরণ, বৃদ্ধসৈন্য
একজন, সৈন্যগণে কহিছে কাহিনী। নাহি কর রণ
আর, প্রাণলয়ে আগুসার, পলাই চল এনহে রমণী

রাগিনী সিন্ধু তাল একতালা।

ভাই চল২ করি পলায়ন। হেন অনুমান করি, এ
নহে সামান, নারী, ভবের ভবানীবুঝি হেনলয়মন॥
যে হেরি ইহার রূপ আহা মরি অপরূপ, ডুবিল
নয়নকুপ, হেরিয়া বদন॥ বামা বিকটদশনা, ভালে
শশী ত্রিনয়না, হুহুঙ্কারে অশ্ব করি করিছে নিধন।
মহেশচন্দ্র দাসে ভনে, হের মাতা অভাজনে, অকুলী
অধম আমি না জানি ভজন॥

হস্রা। চিকুরাক্ষ মহাবীর, সমরে হইয়া স্থির
দেবীপরে শোসে তীব, অতিশয় দাপে। দন্তে থর
কাঁপে ধরা, অধর হইয়া ধরা, থর২ কাঁপে ধরা,
বীরের প্রতাপে॥ বজ্র সক্তিশেল ধরে, হানিতেছে

দেবীপরে, ব্রহ্মাণী আসিয়া পরে, করিছে বিনাশ। বজ্রী করিছে রণ, শঙ্খচক্র করি ধারণ, দেখি সেনাগণ পাইল ত্রাস। হেনকালে মহেশ্বরী, চিকুরাক্ষ বীরে ধরি, খড়্গাঘাত করে তার শিরে। একচোটে কাটে শির, ভূমেতে পড়ে রুধির, দেখি সৈন্যগণ পলায় দূরে। হেনমতে পড়ে দৈত্য, দক্ষে কাটে স্বর্গমর্ত্তে, সৈন্যগণে করে বিনাশন। মুখ মেলি গ্রাস করে, চর্ব্বন করে কাহারে, নখে কারে করে বিনাশন॥ কারে মারে পদাঘাতে, কাহারে পাতে ভূমেতে, শূলাঘাতে ভেদ করে কার, চৌষাট্টি যোগিনী সব করে হুহুঙ্কার রব, শ্মশানেতে নাচিয়া বেড়ায়। ভৈরব নাচিছে ভাল, যেন প্রলয়ের কাল, কপালেতে অনল নিকলে। ছুটাছুটি চটাচটি, আস্ফালনে কাঁপে মাটী, ক্রোধে মুখ হইতে অনল নিকলে। দেখিয়া বিষম রণ, ভয়ে ভগ্ন সৈন্যগণ, শতানন নিকটেতে কয়। চিকুরাক্ষ হত রণে, শুন রাজা সাবধানে, সে বামা সামান্যা বামা নয়॥

রাগিনী অহং সিন্ধু তাল ঠেঁকা।

মহারাজ সে বামা সামান্য বামা নয়। হেন অনুমান করি দেবতা নিশ্চয়। তব যত সৈন্যগণ হুহুঙ্কারে করে নাশন' ভয়ে করি পলায়ন, আমরা আরায়। মৃত সব হস্তী হয় কটাক্ষে বিনাশ হয় হেন

হনুমান, করি রণে পরাজয়॥ মহেন্দ্র বিরচন, ভক্তি করি নিবারণ, দেওনাক সে সমরে, যদি বাঁচিবে নিশ্চয়। তথা দৈত্য যোড় করে, কহে রাজার গোচরে, শুনি রাজা কোপ ভরে, কহিছে রাবণ। সামান্য দেখিয়া নারী, ভয়ে পলায়ন করি, কোন লাজে আসি ফিরি কহিলা বচন॥ আমি রাজা শতানন, জয়ী হই ত্রিভুবন, স্বর্গমর্ত্ত ত্রিভুবন, সবে কাঁপে ডরে। যম মম আজ্ঞাকারি, দেবগণ আদি করি, থাটে সবে মমপুরী, শুন যত চরে॥ এতবলি ক্রোধ ভরে, আপনি সুসাজ করে, আরোহিয়া রথোপরে, সমরে চলিল। হেনকালে রাজ রাণী, করি কর জোড় পাণি, রাবণেরে কহে রাণী, বিপদ হইল। হেন অনুমান হয়, সে বামা সামান্য নয়, শুনহ মহাশয়, জেওনা তার সমরে। কেন লোক হাসাইবে, বিপদে মোরে ফেলিবে, গেলে রণে না আসিবে, বুঝি এই বারে॥ কল্য আমি রজনীতে, স্বপ্ন দেখি আচম্বিতে, যেন বামার করেতে, তোমার নিধন। অতএব প্রাণনাথে, দিব্য কর হাত দিয়ে মাথে, যেওনাহে সমরেতে, রাখ অধিনী বচন॥ পুনঃ রাণী পরে, যত বুঝায় রাবণেরে, মৃত্যুকালে রোগী যেন ঔষধি নাখায়। নাহি শুনে রাণীর বোল, কোপে রাজা উতরোল, মৃত্যুতে

দিয়াছে কোল, রাণী নাহি জানে কায়। রণস্থলে শতানন, করিলেক আগমন; সঙ্গে সেনা অগণন সবে মারে বাণ। দৃষ্টী নাহি চলে আর, বাণে হৈল অন্ধকার, দেখি সব চমৎকার, মানে দেবগণ॥ আগু হইল বিশ্বমাতা ও সীতা রূপিণী সীতা, সঙ্গে শক্তি অবির্ভূতা হইলা সকলে। রণ দেখি দৈত্যদল সবে হাসে খলং, সবে আসি করে বল, রাবণ সৈন্য দলে। রাবণ কুপিত মনে; খরতর বাণ হানে, দেবী অঙ্গ স্থানেং রক্ত ধারাবয়। কিংশুক পুষ্পের যেন, অঙ্গে রক্ত ধারাহেন, ও সীতা ক্রোধিত মন, হইলা অতিশয়॥ রাম প্রীয়ে ক্রোধ মনে, ধরি তলে শতাননে, যত সব ভূজাসনে, করিল ছেদন। ধরি পদ অপরেতে, কাটি পড়ে তীক্ষ্ণঘাতে, শত মুণ্ড খণ্ডং করিল তখন॥ অন্তিম সময় জানি, শতানন নৃপমণি, স্তব করে যুড়ি পানি, মায়ের গোচরে। বলে রক্ষমেং তারা, জগৎকর্ত্রী জগতহরা, দেবী হব মনোহরা, দয়াকর মোরে॥ লহং লোহ জিহ্বা করাল বদনী। করাল বদনী রামা কামিক্ষা রূপিনী খরতর খড়্গিনী খট্টাঙ্গ শুবচনী। গণেশ জননী গৌরী গতি প্রদায়িনী॥ ঘৃণ নাহিকর মোরেডাকি ঘনং। চণ্ডীকা চরণে স্থান দেহ এইক্ষণ॥ ছলাবতী ছল করি না ছলহ মোরে। যন্ত্রণা জাতনা কেন দেহ

রারেহ। ঝটিত হইল মৃত্যু দেখ এইবার ॥ টঙ্কিনী
ানিয়া ভবসিন্ধু কর পার। ঠাকুরাণী ঠেলি ঝাঁপ
রণে আমায় ॥ ডুবিযাছে দুঃখের সাগরে এইদায়
লাচল হইনু মা চলেতে পড়িয়া। ত্বরায় কুলেতে
মারে দেহ গো তুলিযা ॥ থরহ কাঁপে প্রাণ স্থগিত
া হয়। দুর্গতি নাশিনী দুর্গা ত্বরাও ত্বরায়। ধুমা-
ী ধনেশ্বরী ধরণী ধারিণী। নমঃ নারায়ণী নিত্য
দৈত্য নাশিনী ॥ পার্ব্বতী পর্ব্বত সুতা পশুপতি
প্রযে। কুল্লার নয়নে দুর্গা চাহগো ফিরিয়ে ॥
রেহ হল কবি কৈলে কত রণ। ভয়েতে তোমার
দে লইনু শরণ ॥ মুক্তকেশী মুক্ত কর এভব বন্ধনে
ম্ম নাহি হয় যেন এভব বন্ধনে। রক্ষহ রক্ষ হাতে
গো রণ প্রীয়ে ॥ লইনু শরণ মাতা অভয় ভাবিয়ে
র বিমর্দ্দিনী শীবা শম্ভু সনাতনী। ষড়ভুজা সনা
নী শক্তি সনাতনী। হরহ সকল দুঃখ ওগো হর
য়ে। ক্ষুব্ধ হইলাম দুঃখ ভাবিয়ে ভাবিয়ে ॥
হতেহ তবে রাজা শতানন। হেরিতেহ মার যুগল
ণ। দেহ হৈতে পঞ্চভুত বাহির হইল। আনন্দে
সীতা দেবী নাচিতে লাগিল। চৌষট্টি যোগিনী
ন শক্তি অষ্টজন। আনন্দেতে নৃত্য করে হইয়া
ন ॥ রণস্থল হইল যেন ঘোর অন্ধকার। দেবী
ভরে ক্ষিতি হতেছে বিদার ॥ দেখি ইন্দ্র চন্দ্র

সবে মনে পাইয়ে ভয়। ও সিতা গোচরে ক
করিয়া বিনয় ॥

রাগিনী বেহাগ তাল পোস্তা।

মা সদয়া হও গো জননী। পৃথিবী মণ্ডল কম্পে
থর২ বাসুকী সহিত কাঁপিছে মেদিনী॥ ত্রলোক
বুঝি যায় এইবার, যক্ষরক্ষ নর হইল সংহার, মা
কৃপা করি ক্ষেম এইবার, নহে সব সৃষ্টি যায়
এখনি। মহেশচন্দ্র ভনে করিয়া মিনতি, অন্তিমে
স্থান দিবে ওগো সতী, করিয়ে মিনতি, রাখ
ভারতী, ভয়ে থর২ কাঁপয়ে পরাণী।

ছড়া। দেবগণ স্তবে তুষ্টা ওসিতা হইয়া তুষ্টা।
নিত্যময়ীর নিত্য নিবারণ।সহেক যোগিনী
হইলা সবে অদর্শন, শক্তিগণ করিলা গমন॥ রা
আদি সৈন্যগণে, ওসীতা দেখি নয়নে, থরক
কৈল সবাকারে। সীতার স্পর্শন পায়ে, রাম আ
চারি ভায়ে, সৈন্য আদি উঠিল সত্বরে, মার২ শব
করি, উঠে সৈন্য ধনু ধরি, দেখে ভূমে পড়ে সত
নন। মৃত হস্তীযুথে২,ভেসেযায়থরস্রোতে, হয়
নাহয়গনণ। দেখিয়া বিস্ময় রাম, অখিলভুবন ধা
জিজ্ঞাসেন জানকীর প্রতি। করি মহা ঘোর রণ
কে বধিল শতানন, স্বসৈন্য লোটায় দেখি ক্ষিতি
শুনিসলজ্জিতা ভীত, ওসীতাহইলসীতা, লাজে কে

রিলা মদন, হেনকালে সুরগণ, রামে করে নিবে-
দন, শুনিয়া বিস্ময় নারায়ণ। অপরেতে রঘুবর,
সৈন্য সহিত তৎপর, অযোধ্যাতে করিলা গমন।
রাম আগমন দেখি, প্রজাগণ হয়ে সুখী, করে পরে
মঙ্গলাচরণ॥ রত্ন সিংহাসন পরে, বসিলেন রঘুবরে
সীতা বসিলেন বামে আসি। কি কব সে রূপ
শোভা, অপরূপ মনোলোভা, তারা মাঝে যেন
কোটি শশী।

রাগিনী পরজ তালযৎ।

রামের বামেতে আসি সীতা বসিল। মেঘের
কোলেতে যেমন বিদ্যুৎ শোভিল॥ কি কব সেরূপ
শোভা, অপরূপ মনলোভা, যেন সৌদামিনী আভা
মেঘে হইল। তুলনা কি দিব তার, অপরূপ শোভা
তার, যে হেরয়ে একবার, মুর্চ্ছাগত হইল।

উষাহরণ নামক পাঁচালি।

ব্যাস দেব বিরচিত, উষাহরণ নাম গীত, কৃষ্ণ
লীলা অপূর্ব্বকথন। বাণ রাজার নন্দিনী, উষাবতী
নামে ধনী, রূপে গুণে অতি সুলক্ষণ॥ এক দিন
রজনীতে শয়নে আছে সুখেতে, অপূর্ব্ব পালঙ্ক
শয্যা তায়। কৃষ্ণের পৌত্র যেই, অনিরুদ্ধ নামে
সেই স্বপনেতে হেরিল তাহায়॥ নিদ্রা ভঙ্গে অদ-

র্শন; হইল কন্যা অচেতন, কাম বাণ আসিয়া বি ন্ধিল। যেন মণিহারা ফণী, মূর্চ্ছাগত হইল ধনী আকাশ হৈতে ধরণী পড়িল॥ কোথায় বসন তা কোথা গেল অলঙ্কার, সিহরিল কন্দর্পের বাণে নয়নেতে বহে জল; মন হইল চঞ্চল, ওষ্ঠাগত হই জীবনে॥ চিত্রলেখা চিত্রকলা, চিত্রাবতী চিত্রমা সহচরী গণে দেখে আসি। তদন্ত জিজ্ঞাসা করে যত সহচরী পরে, কিকারণে ধরায় রূপসী॥ শুনি স্বপ্ন কথা ধনী, সুনায় যত সঙ্গিনী, যে রূপেতে সঙ্গম করিল। স্বপ্ন যত আদ্যঅন্ত; কহিল সব তদন্ত শুনি সবে বিস্ময় হইল॥ চিত্রলেখা সহচরী, কহি ছে প্রবোধ করি, শুনহ ওগো ঠাকুরাণী। তব মন চোরা যেই, মিলাইয়া দিব সেই, ভেবনাক ওগো বিনোদিনী॥

রাগিণী বসন্ত তাল যৎ।

বধুরে না হেরে প্রাণ বাচেনা আমার, চিত্রলেখ চিত্রপটে লিখে দেখাও একবার, মন হলো চঞ্চল উপায় কি করিবল, নয়নেতে এসে জল, প্রাণ বাঁ হল ভার, সপনেতে দিয়ে দেখা, বঁধু হইল অদেখা হারাইলাম প্রাণ সখা, হলো বিরহে বিকার মহেশচন্দ্র দাসে বলে, সবুরেতে মেওয়া ফলে, পা লো দিনকত গেলে সেই প্রেম কর্ণধার॥

দুঃখে। চিত্রলেখা প্রবোধকরি,কহে ঊষার করেধরি শুন ওগো রাজকুমারী, ক্ষণেক ধৈর্য্যধর। আনিদিব নেনাগরে, কহিলাম গো তোমারে, কেন আরবারে ২রে, আলাতনকর॥ এতবলি চিত্রপটে, লিখেধনী অকপটে, যতদেব পাটে২, ইন্দ্র চন্দ্র আদি। কুবের আর হুতাশন, অতঃপরেতে পবন, মহীষে যম আ-রোহণ, হংসপরে বিধি॥ অশ্বিনীকুমার বরুণ, সপ্ত অশ্বেতে অরুণ, আরযত দেবগণ, লিখিলা বিস্তর। কেহমন নহেতার, পুনঃলিখে আরবার, কৃষ্ণের দশ অবতার, অতি মনোহর॥ রাম রাবণের রণ, কেশী কংস বিনাশন, শুম্ভ নিশুম্ভ নিধন, সুগ্রীব বালিবার শ্রীকৃষ্ণের বংশ অপরে, পুন চিত্রপটকরেঃ কৃষ্ণের পুত্র কন্দর্পেরে, লিখিলা যখন। স্বপ্তর জান তাহে ন্দেরি, মাত্রেতে নন্দকুমা[illegible] দেখি যত সহচরী, চমকীত মন॥ অনিরুদ্ধে তারপরে, লিখেসখী যত্নকরে লখিয়া ধনী নিহরে, নিজকান্তে হেরি। বলে ধনী কহয়েছে, এই মম প্রাণনাথে, ইহারে দেখি স্বপ্নে-তে, বিরহেতে মরি॥

গীত রাগিণী সুরট। তালহৎ।

এনেদেও প্রাণনাথে বিনয়করি। সপনে দেখে ইহারে ধৈর্য্য আরধরিতেনারি॥ মিনতিকরিয়া বলি, ত্বরায়যাওগো তথায়চলি, এনেদেখা

সেনাগরে নহে প্রাণেতেমরি। সেই মোর প্রাণধন, তারতরে রহে জীবন, নহে প্রবেশী জীবন, বুঝি এইবার মরি॥

শুনিকহে সহচরী, শান্তহওগো সুন্দরী, চলিলা এই আনিতে নাগরে। এতবলি চিত্রাবতী, রজনী-তে করেগতি, দ্বারকানগরেধীরে২॥ যথায় করি শ-য়ন, আছে কৃষ্ণেরনন্দন, যোগাসনে হরণ করিল। নিদ্রাগত অচেতন, শর্য্যাসহ ততক্ষণ, উষার নিকটে আনিদিল॥ দেখি উষা স্বীয়কান্ত, আনন্দে হইল ভ্রান্ত, করেতে পাইল যেনশশী। কিরূপ আনন্দতা একমুখেবলাভার, অধরেতে নাহিধরে হাসি॥ হ ঠাৎচক্ষুপাইলে অন্ধ, যেমন হয় আনন্দ, মণিপাতে আনন্দিত ফণা। বৃকোদর পাইলে রণ, যেন হরষি-ত মন, দৈবকী পাইয়া যদুমণি॥ মরাপুত্র পাইলে জীবন, সুখীতার জননী যেমন, দগ্ধেবার কোটাল যেমন। সেইরূপ ঊষাবতী, পাইয়া কামসন্ততি, হ ইল ধনীহরষিত মন॥ ক্ষণেককাল বিলম্বেতে, নিদ্রা ভঙ্গ আচম্বিতে, অনিরুদ্ধ চারিদিক হেরে। দেখি ধনী কহেতায়, কেহে তুমি রসরায়, অকস্মাৎ আ মারি মন্দিরে॥ শুনি ধীরে২ কয়, অনিরুদ্ধ মহাশয় আচম্বিতে কেবা এথায়আনে। শয়নেতে নিজালয় আছিলাম আমি নিদ্রায়, সত্যকরি কহমোর স্থানে হাসিয়া কহে কুমারী, সপনে মনকরে চুরি, পুন-

হইয়া ছিলে নিজালয়। অনেক যতনকরে, আনিয়াছি চোরেধরে, কিবাদণ্ড দিব আমিতায়॥ শুনিয়া কহে কুমার, শুনধনী বলিসার, প্রেমডোরে করেছে বন্ধন। বক্ষে চাপি কুচগিরি, কারাগারে বন্ধি করি রাখিদেহ উচিত যেমন॥ এইরূপে দুইজন, করে কথোপকথন, ক্রমে প্রেমেবদ্ধ দোঁহেহয়। এইমতে কতদিন, দোঁহেহয় প্রেমাধীন, শুন অপরেতে যাহা হয়॥ একদিন অদ্ধনিশি, নাগর নাগরীবসি, দোহে কহে প্রেমেরকাহিনী। হেনকালে দৈবেতথা, শ্রবণ করিল কথা, আচাম্বতে বাণনৃপমণি॥ পুরুষেরস্বর শুনি, রোষান্বিত দৈত্যমণি, রাণীরেকহিল সবকথা কন্যাগৃহে রাণীযায়, দেখে দারবদ্ধতায়, দারখোল ডাকে রাণীতথা॥ সর্বনাশ দেখেধনী, গৃহে আছে গুনমণি, কেমনেতে দারখুলেদিব। কোথায়হে মধুসূদন, রাখ বিপদে এখন, তোমাবিনে কে আর বান্ধব॥ কোথাহে বিপদহরি, রক্ষএবে কৃপাকরি প্রহলাদে রাখিলে যেমন স্তম্ভে। যেমন রেখেছিলে দ্রৌপদীরে, বিবস্ত্রকরিতেনারে, দুশাসন সর্বজনা সম্ভে॥ এইরূপে বারেং, ডাকেধনী শ্রীহরিরে, অন্তরীক্ষে হৈল দৈববাণী। শ্রবণে শুনিলাসতী, অনিরুদ্র ভবগতি, আমিবরদিলাম আপনি॥ বরপায়ে মনোনীত, হৈলদোহে হরষিত, দারখুলেদিল ততক্ষণ। হেরে নীর পশ্চাতেতে, অনিরুদ্র আছেবসে

রাণীসে করিল নিরক্ষণ ॥ দেখে সর্ব্বনাশ রাণী, হ-ইল কন্যা স্বেচ্চারিণী, সত্য রাজা যাহাবলেছিল। ক্রোধে পরিপূর্ণ রাণী, কন্যাপ্রতি কহেবাণী, তোর অদৃষ্টে এইকি হইল ॥

গীত রাগণী পরজ। তাল আড়াখেমটা।

ভাল রাজার কুলহাসালি। ওলো কলঙ্কিনী এইকরিলী। সাপ্তুলেরআলয়েএখন যোগে নৃত্য আরম্ভিনী ॥ কতশত নৃপবরে, রাজার মান্যমানকরে, ইন্দ্রচন্দ্র আদিকরে, যারে যারে কৃতাঞ্জলি। এইকি তোর মনেছিল, পিরিতে প্রবর্ত্তহলো,ঘৃণাকিছুনাহইল,কুলে তুলে দিলি কালী ॥

রাণীহয়ে ক্রোধান্বিত, রাজারেডাকে ত্বরিত, দেখে কন্যা পুরুষের সহ। কোটালে ডাকিয়া আনি, কহে তবে নৃপমণি, চোরে শীঘ্র ধরিয়া আনহ ॥ রাজার আরতিপায়, শতহ দূতধায়, অনিরুদ্ধেরকরিল বন্ধন যথায় বসিরাজন, চোরে আনি দূতগণ, হাজির করিল ততক্ষণ। দেখিরাজা ক্রোধেকয়,কারাগারেত্বরা লয়, রাখগিয়া করিয়া বন্ধন ॥ যেমন কর্ম্ম তেমনি ফল, উপযুক্ত প্রতিফল, দিলেন আপনি নারায়ণ ॥ এতশুনি অনুচর, কুমার লয়ে সত্বর, কারাগারে বন্ধনে রাখিল। ক্রমেতে প্রভাত নিশি, উঠিলা দ্বারকাবাসী, পরস্পর সকলে উঠিল ॥ হেনকালে

নারদমুনি, বীণাযন্ত্রে হরিধনী, বাণরাজায় নিবা-
সেতে যায়। দেখি রাজা মুনিবরে, পাদ্য অর্ঘে তে
তৎপরে, সিংহাসনে মুনিরে বসায়॥ কহিছে নারদ
মুনি, কিকারণে নৃপমণি, দেখিতেছ বিরসবদন। বি
শেষিয়া কহতত্ত্ব, শুনিব ইহার তত্ত্ব, তত্ত্বাতত্ত্ব বুঝিব
এখন॥ শুনি বাণরাজা কয়, কিকহিব মহাশয়, অ-
নিরুদ্ধ নামে কৃষ্ণপৌত্র। বিধিঘটাইল তারে, সেই
এতদিন পরে, আসিয়া হইল মমশত্রু॥ সতীত্ব সে
তনয়ার, নষ্টকৈল দুরাচার, কোপে রাখিয়াছি কা
রাগারে। কিকরি এখনতায়, বলহ মুনি ত্বরায়, উ-
পদেশ বলহ আমারে॥ মনেং মুনিভাবে, হইয়াছে
ভালতবে, তুমিগেলেদেবেরনিস্তার। মুখেতেকহিছে
মুনি, শুনহ দৈত্যমণি, উপদেশশুনহআমার॥ বন্ধন
করিয়া তারে, রাখিয়াছ কারাগারে, ভাল করিয়াছ
দৈত্যপতি। শ্রীকৃষ্ণ বসুদেবের পুত্র, তার পৌত্র অ
নিরুদ্ধ, বড়দুষ্ট সেইজন অতি॥ রাখিয়াছ ভাল
হোলো, যেমনকর্ম্ম তেমনিফল, এতবলি বিদায়মুনি
বর। মুনির স্বভাব কুন্দলে, দোকাটি বাজায়েচলে
আরোহণ করি ঢেকীপর॥ দ্বারকাধাম যথায়,
মুনিবর তত্রধায়, উপনীত কৃষ্ণের নিবাস। নারদে
দেখিয়া হরি, বহু অভ্যর্থনাকরি, বসিতে আসনদেন
শ্রীনিবাস॥ ক্ষণেক বসিয়া মুনি, কহেশুন চিন্তামণি
শ্রীমনাথ ত্রৈলোক্যঈশ্বর। কথানিন্দ। সেইস্থানে,

ত্যাগকরেসাধুগণে, মস্তকছেদন যোগ্যতার ॥ আজি প্রভাতসময়, গিয়াছিলাম বাণালয়, দেখিলাম অন্যায় বিচার। তবপৌত্র অনিরুদ্ধ, রাখিয়াছেকারবদ্ধঃ জিজ্ঞাসিনু সবসমাচার ॥ তারকন্যা উষাবতী রূপেতে সুন্দরী অতি, অনিরুদ্ধ প্রেমেপড়ে তার একদিন দৈবযোগে, তবপৌত্রে যোগেযাগে, ধরিয়া রেখেছে কারাগার ॥ আমি মানাকৈনু তারে কটুউক্তি করিমোরে, ভৎসনাকরিল বারেং। এত যদি বলেমুনি, শুনি কোপে চক্রপাণি, কহিতেছে নারদ গোচরে ॥ আমিহই জগৎপতি, ত্রিভুবনে করে স্তুতি, মনস্থানে করে সেইগর্ব্ব। স্বর্গমর্ত্ত ত্রিভুবনে, সকলে আমারে মানে, আজিতার করিবপর্ব্ব ॥ এতেক তাহারসাধ্য, কারপৌত্রে করে বদ্ধ দেখিব কেমন সেইজন। এতেকবলিমুনিরে, বিদায় করিয়া পরে, রণসাজ সাজেন তখন ॥ পরে হরি অন্তঃপুরে, গিয়াতবে রুক্মিণীরে, পৌত্রেরসম্বাদ জানাইল। বাণরাজার কারাগারেঃ বন্দিয়াছে বন্দিঘরে এইতত্ত্ব নারদ কহিল ॥ একথা শুনিরুক্মিণীঃ ক্রন্দন করেন ধনীঃ প্রবোধকরেন হরিতায়। রোদন কর নিবারণঃ আমিযাই করিতে রণ, দেখিব কেমন দৈত্যরায় ॥ এতবলি দূতগণে, ডাকিহরি সযতনে সাজিবারে দিলা অনুমতি। কৃষ্ণের আরতি পা যদুগণ সাজে ত্বরায়ঃ পশ্চাতেতে চলে যদুপতি।

দারুক রথ আনিল, নানারত্ন নিম্মাইল, কৃষ্ণ হবে কেলা আরোহণ। করিমহা কোলাহল, চলে যত যদুকুলঃ উপনীত বাণের ভবন॥ যথায় সমরস্থলঃ মিলে আসি যদুদলঃ মহাসিংহনাদশব্দ করে। দেখি বাণ দৈত্যরায়ঃ দেখে হরি আগতপ্রায়ঃ মনে মনে ভাবিল অন্তরে॥ কেমনে জানিলা হরি, অনিরুদ্ধ যমপুরীঃ বুঝি সম্বাদ কহিয়াছে মুনি। নারদের না রদে গোলঃ সদাবাসে গণ্ডগোল, সর্ব্বনাশ করেছে আপনি॥ তিন অক্ষরে নারদমুনি, লেটাবাদাবার ধ্বনি, তিন অক্ষরের কিছু ভালনয়। লাঞ্ছনা লাফা লাফি, নাএরদোষ এইদেখি, রয়ের দোষ শুনহ নিশ্চয়॥ রয়েতে সদা রোদন, রোদনে কক্ষোত্যাগহন দয়ের দোষ দর্পহয় পরে। দর্পেনর ছারখারঃ সমূলে হয় সংহার, সকলেতে নিন্দে নারদেরে॥ সে আসি প্রমাদ ঘটিলঃ বুঝিকি বিপদহোতেলো, কৃষ্ণের হাতেরক্ষা কেকরিবে। যদি আসি ত্রিলোচনঃ এদুঃখ করেন মোচনঃ নহেদেখি বিপদহইবে॥ এতভাবি দৈত্যরায়, নির্জ্জন স্থানেতেযায়ঃ শিবলিঙ্গগঠে মন্ত্র হর। পূজে ষোড়শ উপহারে, নৈবেদ্যদ্রব্য সহস্রারে, গালবাদ্য করি ডাকে হর॥

গীত রাগিণী দেওগিরি। তাল যৎ।

কোথায় কৈলাস ঈশ্বর। বম বম হর হর
ওহে দিগম্বর॥ আমিঅতি অভাজনঃ না

জানি ভজন সাধনঃ কৃপাকরি ত্রিলোচন, হের একবার। কোথাওহে কাশীকান্ত, দেখা দিয়া করশান্ত, নিকটহলো কৃতান্ত, তারোহে তারকেশ্বর॥ মহেশচন্দ্র দাসেবলে, পড়িয়া ছি অকুলে, চরমেতে পদতলে স্থানদিও নকুলেশ্বর॥ ধুবং॥

পূজে শিবে দৈত্যপতিঃ নানামতে করেস্তুতিঃ হ মম দুর্গতিঃ জাগিএকবার। ওহে প্রভু কাশীশ বাঞ্ছাপূর্ণকর হররা দেহ মনোনীত বরঃ অনাদী ঈশ্বর তংনমামি গঙ্গাধরঃ হরদুঃখ দিগম্বর কোথা ওহে কাশীশ্বরঃ দেহদরশন। নাহিজানি স্তবস্তুতিঃজানি অতি মূঢ়মতিঃ কৃপাকর পশুপতিঃ পতিতপাবন॥ এইরূপে স্তবকরেঃ দৈত্যপতি সকাতরেঃ ঘনঘোর স্বাদাকরেঃ স্মরি ভূতনাথ। রহিতে নারিলা আর করিলেন আগুসারঃ হয়ে বিপ্রের আকারঃ হইলা সাক্ষাৎ॥ যথাবসি দৈত্যপতিঃ করিতেছে শিবের স্তুতিঃ হয়ে ব্রাহ্মণ মুরতীঃ দিলা দরশন। ছদ্মরূপে মহেশ্বর, বলেবৎস লহবরঃ যাহাইচ্ছা সেইবর দিবহে এখন॥ শুনিবাণ কতুহলেঃ দেখিলনয়নমেলে করযোড় করিবলে, শিবের অগ্রেতে। পড়িয়াছি দুঃখনীরেঃ তোমাবিনে কেবাতারেঃ আপনিযাইবে পারে কৃষ্ণের রণেতে॥ শুনিকন শূলপাণিঃ অথচ্ছ ধাইব আমিঃ ভয়নাহি দৈত্যমণি তাহার কারণ।

কৃষ্ণের সহিত রণঃ করিছেন ত্রিলোচনঃ এপায় কে
বীর মনঃ উচাটন হয়। দ্রুতগতি আসিপদেঃ
নিবারণ করেঃ কহিছেন গঙ্গাধরেঃ করিয়া বিনয়

গীত রাগিণী ললিত। তালধ্রুপদ।
ওহে পশুপতি করিছেমিনতি। করিছসমর কাহার
সংহতি। ইনি নারায়ণ বাঞ্ছাকল্পতরুঃ আমার
গুরুরগুরু তোমার পরমগুরুঃ নিবেদন করি কর
কৃপাঙ্কুর কঃ ক্ষন্তহওরণে করিহে প্রণতি॥
যদি ক্রোধকরেন দেবশ্রীনিবাসঃ তবে এসং
সার হইবে বিনাশঃ মহেশচন্দ্র ভয়ে ওহে
কৃত্তিবাসঃ অম্বিমেহেপদতলে দিবেস্থিতি।
দেবীর বচনেতবে শুনি বিশ্বনাথ। শ্রীকৃষ্ণের প
তলে করেন প্রণিপাত॥ নাজানি করেছি রণ ম
মহাশয়। মমদোষ মাজ্জনা করিবে দয়াময়॥ শু
নিরা সন্তোষমনে কন গদাধর। আমার পরম
তুমি বিশ্বেশ্বর॥ এতবলি পদতলে পড়েননারায়
উভয় উভয়ের প্রতি দেন আলিঙ্গন॥ হর বলে
সমরেতে কার্য্য নাহি আর। তব পৌত্রসহ বি
দেওব উষার॥ এতবলি বাণেরে কহেন ত্রিলোচন
ক্ষেন্তহও সমরেতে নাহি প্রয়োজন॥ ত্রৈলোক্যঈ
শ্বর হন প্রভু নারায়ণ। ইহার সমবেসব হইবে নি
ধন॥ এক উপদেশবাক্য শুন বাছাধন। আপন

। অনিরুদ্ধে দেহদান ॥ সকল মঙ্গলহবেকার্য্যের
এল ॥ সর্বদিক রক্ষাপাবে শুন বাছাধন ॥ বাণ
ণ শুরবাক্য খণ্ডন কেকবে। অবশ্য বিবাহ দিবা
ক তনয়ারে ॥ এতবলি অনিরুদ্ধে করি আনয়ন
কন্যার ছুহীতারে করে সমর্পণ ॥ নানাবাদ্য বা
হছে মঙ্গল বাজনা। নৃত্যঘরে নৃত্যগীতে গায়
রাঙ্গনা ॥ নহলত বৈসে বালাথানার উপর। অ-
নরুদ্ধে উষার করেতে দিলকর ॥ শুক্রাচার্য্য মন্ত্রপা
পড়ায় সাদরে। অনিরুদ্ধে ইকলদান নিজ কন-
কে ॥ বাসর ঘরেতে আসি যতেক নাগরী। রূপে
দ নিন্দিত যেনস্বর্গবিদ্যাধরী। রহাশুকরিছেকেহ
পতি সহিতে। কেহদেয় উষায় আনি বরের কো-
লেতে ॥ এইরূপ বাসর ঘরেতে যাগ না যামিনী
প্রভাত হৈল উদিততপন ॥ অপরেতে সৈন্যসহ দে
ব পরিবারগণ॥ পৌত্রবধূ পৌত্রলয়ে করেন গমন ॥
মঙ্গলাচরণ করি যতেক রমণী। উষাসহ অনিরুদ্ধে
লয় যত্নধনী ॥ অন্তপুরে লইল যতেক নারীগণ।
অনিরুদ্ধে পায়ে সুখী রুক্মিণী তখন। সে কেমন।
যেমন মণিপায়ে ফণী। বিদেশীপতি পায়ে রমণী
নয়নপায়ে অন্ধ। কৃষ্ণপায়ে নন্দ ॥ মৃতপুত্রপাইয়া
জননী। সনপাইলেশকুনি ॥ রণপাইলে বীর। জে
ন্ম পাইলে শরীর ॥ মদ্যপাইলে মাতাল। দস্যু পা
ইলে কোটাল ॥ করপাইলে নৃপতি। কিংক বধে

দ্রৌপদী ॥ যেমন ধনপাইলে দুখিনী। তেমি অনিরুদ্ধ আগমনে রুক্মিণী ॥

দেখিয়া সুখী রুক্মিণীঃ আনন্দিত হৈল ধনীঃ পৌত্র পৌত্রবধূরে। মহাসুখেতে যাগঃ করে মঙ্গলাচরণঃ দ্বারকাবাসিরেঘরেঘরে ॥ রত্নসিংহাসনোপরি কৃষ্ণ বসিলেন পরেঃ বামে আসি বসিলা রুক্মিণী কিসোভা হইলতারঃ তুলনা কিবা দিবঃ মেঘ কোলে যেন সৌদামিনী ॥

গীত রাগিণী জয়জয়ন্তী। তাল পোস্তা।
কিবাশোভা শ্যামেরবামেসাজিল রুক্মিণী।
মেঘের কোলেতেযেন সোভে সৌদামিনী।
দুধকে স্তবকে ফুল, উড়েবৈসে অলিকুলঃ
মন্দ মন্দ মলয়জ বহে দিবস রজনী ॥
মহেশচন্দ্র দাসেবলেঃ হেনদিন নাহি মিলেঃ শ্রীকৃষ্ণের বর্ণন লীলেঃ হয়ে হত অজ্ঞান গতি। ধ্রুং।

উষাহরণ নামক পাচালি সংপূর্ণ।

রেইলওয়ে নামকপাচালি।

কি আশ্চর্য্য হায় হায়ঃ কলিযুগে ইংরেজপ্রায় ইংরাজ ভূপাল শিরোমণি। বুদ্ধে বৃহস্পতিবৎঃ ঠিকযেন পুষ্পক রথঃ নির্ম্মাণেছে কলেরগাড়িখানি ॥ শ্বেত বর্ণের বুদ্ধিবলেঃ ধোঁয়াকলে আপনি চলে, এক

অদি ইহাদের যোগ্য।কোথাকারবা ইন্দ্রালয়, ই রে আমার মনেলয়,স্বর্গের উপরে এই স্বর্গ।

গীত রাগিণী ঝিঝিট। তাল কাওয়াল।

সামান্য নহেরে ভাই হাবড়ার এই খোয়ার কল। একলের কাছেতে রেভাই সকলি নিষ্ফল॥ কেকরে বর্ণনারে ভাই একলের অবিকল। কোথাকারবা স্বর্গপুরী কোথাকার ইন্দ্রালয়, হাবড়ার ইষ্টেসনে এসে সৃষ্টি ছাড়া সৃষ্টিহয়, শনারে বিলাতবাসি, এক দিনেতে যাবে কাশী,সুখরাশি পেয়েছোরে সুখানলে দিয়ে জল। ধ্রুং।

বিধিকল ছিল ভ্রমরঃ সেসব ভ্রমর গোলমোর, ও রে কান্দি যায়প্রাণ। যেদেখি হাবড়ার কাণ্ড, রহোতে নয় ব্রহ্মাণ্ড, আমাদের স্বর্গপুরী,থান॥ আ মার এই আটচক্ষু, ইথেত্তনা যায়দুখ, তাকিমুখে ক র্ম্ম্য নাযায়। ইন্দ্রবলে কাহাসরি, সহস্রচক্ষুতে অ মি হেরি, তবু আমার সাধমেটেনা তায়॥ একে র যে কত্তপেচ, ভাবতেগেলে পড়ে কষ্টপেচ, কা শকে অসহায়েছি হাবা। কোথাকারবা দেবশ কোথাকারবা বিশ্বকর্ম্মা, এরাযে যেয়াল্লিশকর্ম্মা বাবা॥ আমাদের পুষ্পক রথ, হর্দ্দ বিষক্রোশপ দিনেরমধ্যে যেতেপারে তেজে। তাহাতে আবা ছাইঘোড়া, নইলে রথ হয়খোড়া; কলে বলে চড়

কলঙ্কভঞ্জন নামক
পাঁচালীগ্রন্থঃ।

বদনে বর্ণনা ভীত, কৃষ্ণ লীলা রসামৃত, পানে হ মনোবাঞ্ছা পূর্ণ ॥ শ্যামকলঙ্ক অধিকার, যেরূপেতে রাধিকার, শ্রবণে শ্রবণ হয় ধন্য ॥ একদিন বৃন্দা বনে, নিরখিতে নবঘনে, বাঞ্ছা মনে হইল রাধার। কৃষ্ণের গমনে ধনী, চলিলেন একাকিনী, পথ্য আছে না ভব কংধার ॥ প্রেমভরে প্রমোদার চক্ষে বহে প্রেমোধারা; কৃষ্ণ ভিন্ন দেখেন সব শূন্য ॥ যে নামে হয় নিরাপদ; হৃদে ভাবি সেই পদ, নিকুঞ্জে রাই হলেন উত্তীর্ণ ॥ হেথায় কমল আঁখি, স্থির করি দুই আঁখি, আছেন রাই আশা পথ চেয়ে ॥ ধ্যানে যোগে রাইরূপ, নিরন্তর বিশ্বরূপ, রাই ধ্যানে আছেন বসিয়ে ॥ হেন কালে শ্যাম প্রেয়সীকুঞ্জের গমনে আসি কন বঁধু শুন নিবেদন। বাঁশী শুনলে আর রা নারী, গৃহে আর রহিতে নারি, সদা মন হয় উচাটন ॥ শুন ওহে নিরদকায়, যে বেদন কহ কায়, ননদীর বাক্যে কায় জ্বলে ॥ শ্যামকলঙ্কি হলে নাম, ঘুচাতে হবে ওহে শ্যাম, নৈলে প্রাণ ত্যেজ্‌ব দিয়ে জলে ॥ কুটিলা কুটিলের দায় গৃহে থাকা হলো দায়; কিদায় ঘটিল বংশীধারি ॥ যদি কাবে বসন পরি, ননদী প্রাণ বধে হরি, নিরখিতে দেখ কাল যারি ॥ বল কি আর হৃষিকেশ, মস্তকের

এই কাল কেশ, মুড়াতে চায় ননদী আমার ।। কাজ নয়নের তারা, দেখলে পরে জলে তারা, ওহে কাল রাখ এইবার ।। কুটিলে হলো কাল প্রায়, ভেবে মোর কালকায়, কব কায় যে যাতনা মনে ।। তব নাম্নে কাল নিবারণ, শুন ওহে কালদমন, কাল ভয় থাকেনা স্মরণে ।। ঘুচাতে আমার মনের কালি, নিকুঞ্জে হইলে কালী, কালজদে পাদ পদ্ম দিয়ে ।। তাইতে কাল ভাল বাসী, কালনন্দী পাপিয়সী, কাল হয় আমারে দেখিয়ে ।। কুঞ্জেকাল কোকিল ডাকে যদি, তবে আমার কাল ননদী, সেরব শুন্তে দেয় না কালমনি ।। বলব কি আর চিকন কাল, কাল নামে চিকন কাল, অঙ্গে উঠে কাল ভুজঙ্গিনী ।।

রাগিনী ঝিঝিট তালযৎ।

শুনহে বন্ধু কলঙ্ক ঘুচাওনা, আমায় দাসীবলে কাল শশী একবার ফিরে হেরনা ।। ননদী নাগিনী প্রায় বাক্য বিষে দহে কায়, ভেবে হলো নীলকায়, পদে ঠেলনা। অবলা আর গৃহ বাসি, কাল রূপ ভাল বাসি। শুনহে শ্যাম হৃদয় বাসি, নিশিদিন ঐ বাসনা

হুক্কা ।। তখন শুনে কন রাধাকান্ত, হও প্রিয়ে হও শান্ত, নিতান্ত করি এই পন ; পুরাইব মনস্কাম তব কলঙ্কিনী নাম, নিশ্চয় করিব বিমোচন ।। যদি হয় মুক্তি লয়, হবে মম বাক্যত্রয়, লঙ্ঘন করয়ে সাধ্য কার ।। পাপিরা ঘুচলে যমের ভয় দিবসে হলো

চন্দ্রোদয়, বাসুকি যদি সহিতে নারে ভার ॥ যদি বামনে চন্দ্র ধরে, গরুড় যান সর্পোদরে, পতঙ্গেতে লঙ্ঘে যদি গিরি। তেজ গেলে ভাস্করের, সম্মান হলে তস্করের, জলবিনে চলে যদি তরি ॥ যদ্যপি গরল পানে বিশ্বনাথ মরেন প্রাণে, যদিহয় লক্ষ্মীর দৈন্যদশা। চণ্ডাল যদিহয় উচ্চ, ব্রাহ্মণ হইলে তুচ্ছ, সরস্বতীর গেলে বিদ্যার আশা ॥ শুন বলি রাই রূপসী, চন্দ্র যদি পড়ে খসি, ব্রহ্মার যদি অগ্নিতে হয়ভয়। কুবের যদি ধনের তরে, ভিক্ষা করে দ্বারে২ পুণ্যে যদি আয়ু হয় ক্ষয় ॥ অন্ধের যদি দৃষ্টি কয়, বোবায় যদি কথা কয়, সাধুগণ যদি করেহত্যা। শুন রাধে সত্য কহি, ভেকের হস্তে মলে অহী, তবু মম কথা নয় মিথ্যা ॥ ভেবনা রাই রাজকন্যা, বনে বঞ্চি কুঞ্জারণ্যে, প্রভাত কালে রাধার জন্যে, চিন্তা মনেনেতে। হৃদয়ে ব্যাকুল অতি, গৃহে এলেন এগো কুলপতি, দেখেতখন যশোমতি, বলে বাৎসল্যেতে একে আমার মন্দ কপাল, গোষ্ঠে তুই লয়ে গোপাল, আসনে আমার প্রাণের গোপাল, বধে জননীরে হলে দৃষ্টি পথাতীত, হই যেন জ্ঞান হতো, নয়ন নীরে অবীরত, ভাসিরে শ্যাম শশীরে ॥ ক্রোধে [illegible] করি দষ্ট, থাকি রুষ্ট ওরে কৃষ্ণ, না হেরিলে [illegible] কষ্ট, ওরে অন্ধের আশা। এবলে আসি নন্দ [illegible], চক্রপাণি, ধরিপাণি, কোলে লয়ে কৌতুকনী,

দেয় পুরাযে আশা ।। অপরেতে বাঁকা শ্যাম, রাধার কলঙ্ক নাম, ঘুচাইতে অবিশ্রাম, মন্ত্রণা করিয়া ছলনা করিয়া ছলে, ধুলায় মুরলি ফেলে, পড়িলেন রাণীর কোলে মুর্চ্ছিত হইয়া ।। বদনে বচন রুদ্ধ, স্থির হইল আঁখি পদ্ম, দেখে রাণী বলে, অদ্য কেন এমন হলি রে । ওরে আমার মুরলিধর, কেন-না মুরলি ধর, অধরেতে লয়ে সব স্বর হারাইলি রে ভাল জননীর ধার শুধিলি, কেন এবাদ সাধিলি, জীবন থাকিতে বধিলি, জীবন কানাই রে । ব্রজে এরাজ্য বৈভব, তোমা বিনে শূন্য সব, মা হয়ে কেমনে সব, অন্য কেহ নাই রে ।।

রাগিণী ললিত বিভাষ । তাল ঝাপতাল ।

বলরে মাকে বলরে বাছা কেনরে এমন হলি ।
মরি মরি নয়ন তারা কেন নয়ন মুদিলি ।।
ওরে ওঠরেং কানাই, গাবলে আর কেহ নাই
এই যে বাছা মা বলিয়ে নবনী খেলি,
আবার এখন কি দেখিরে, ভাসি আঁখিনীরে,
কেন বাছা দুখিনীরে, দুঃখ নীরে ভাসাইলি ।।

শুনে রাণীর ক্রন্দন, তবু নন্দনন্দন, উত্তর না দেন জননীরে । বদনে না স্বরে বাক, নন্দরাণী হয়ে অবাক, বসন ভাসিল নয়ন নীরে ।। যেমন হস্তী হারা অন্ধ, ঘাট ঘোর বিবন্ধ, মানহারা মানী । যেমন কৃপণ জন, হারায়ে সঞ্চিৎ ধন, প্রাণ হারা প্রাণী ।

সংগী হারা মৎস, বারি হারা মৎস্য, বাণ হারা যোদ্ধা বিষ হারা সর্প, নাহি থাকে দর্প, পুত্রহারা বৃদ্ধ। ॥ পথ হারায়ে পথিক, হয়ত্তার যে গতিক, তেমনি যশোমতি। বলহারা পশু, মাতৃ হারা শিশু মন্ত্রী হারা ভূপতি। মণিহারা ফণি, তেমনি নন্দ রাণী, এলাইত বেণী, হয়ে উম্মাদিনী, ডেকে কয় রোহিণী, আমি অভাগিনী, গোপাল ধনে ধনী, ছিলাম বুঝে মানি, পুজে হরবাণী, পেলেম নীল মণি, সেধনে আজধনি, বঞ্চিত অনুমানি, এইযে এই এখনি, করে বংশীধনি, বেনগো অমনি, পতিত ধরণী, ত্রিকাল রজনী, পোহালনা জানি, শুনিয়ে রোহিণী, হইয়ে দুখিনী, ডেকেকয় উঠরে নীলমণি ॥ ক্ষুদ্ধাপত জলধর, হেরিয়ে হলধর, বলে গোষ্ঠে চলং চলরে। দেখে হলেম কুণ্ঠিত, কেন ধুলায় লুণ্ঠিত ভাই আমারে বলং বলরে ॥ হলোকি তোর পুণ্য সাঙ্গ, দেখে তব অবসাঙ্গ, দুঃখেপ্রাণ গেলং গেলরে এসেছিলে গোকুলমধ্যে, জীবন থাকতে জীবন বধিলে, ভালং ভাইং ভাইরে ॥ মরি হলো প্রাণাকুল অকুলেভাসায়ে গোকুল, কে তোমারে নিলং নিলরে জীবন হরি জীবনহরি, এতসুখের নন্দপুরী, অন্ধকার হলো হলো হলোরে।

রাগিণী ললিত বিভাস তাল। ঝাপতাল।

ভাইরে বল ভাইরে বল নাইশরীরে। ভাই ..

কেবল তুইসম্বল,বলরেবলরামেরে। যেমন বিমাতার বাক্যদায়ে,রঘুমণি বনে গিয়ে,শক্তি শেলে হারাইয়ে, প্রাণের সহোদরে ।। বনে বনে কেঁদে ছিল রাম রঘুবর, তেমনি আজ বল রামেরে ভাসালি ভাই নয়ন নীরে ।।

তখন ছিদাম আদি লয়ে বাঁশী দিয়ে শ্যামের করে। বলে ভাই গোষ্ঠে যাই প্রাণ যে কেমন করে লয়ে গোপাল চলরে গোপাল বিলম্বে কায নাই, তোমা ভিন্ন বনে অন্ন কে দেবে কানাই ।। তাল ধরি কালশশী বল কি বল মুখে। কপটতা ছেড়ে কথাকও আমার সম্মুখে ।। জীবন জলে জীবন জলে তেজবো তোমা ভিন্ন। তোমা বিনে বৃন্দাবনে সকলি ছিন্ন ভিন্ন ।। সদাই বল বাসি ভাল সেটা কেবল বাহ্য। অন্তরে বিষ রেখে কংস দেখে বিদায়ে যাচ্ছ ।। যদি ছেড়ে যাবে কেন তবে বাঁচালি বৃন্দাবন। কেনহরি করে ধরিছিলি গোবর্দ্ধন ।। এবি দুঃখানল দাবানল কেন করে পান। কাল শশী গোকুল বাসির দিয়েছিলি প্রাণ ।। তখন ছিদেমের কাতর হেরে ভাবিচেন বঙ্ক। একি হইল বুঝি রইল, রাধার কলঙ্ক ।। প্রাণ মম সখা মম কেঁদে আকুল হলো। উত্তর দান বাত্তিত মান রমনা কি দায় ঘটিলো ।। দিলে উত্তর তবেতো মোর রাই কলঙ্কি থাকে। উভয় পক্ষে করা রক্ষে সঙ্কট আমাদের ।।

সঙ্কট কেমন ॥ যেমন দুই সতিনে হলে দ্বন্দ্ব, কারে বলবে ভাল মন্দ, পতি যেন হয়ে থাকে অন্ধ। হলে প্রবল বাতিকের বল, খেলে চিনির রসবত ভাবে জল, কফেতে নিশ্বাস করে বন্ধ ॥ যেমন প্রসব কালে গর্ব্ববতী, হয়না সন্তান উৎপত্তি, গর্ব্ভ ছিঁড়লে ছেলে রক্ষা পায়। তাতেও আবার বিপদ ঘটে পোয়াতি জানযম নিকটে, এদিক রাখতে ওদিকে ঘটে দায়॥ যদি ভেকেরে ভুজঙ্গে ধরে, উদ্গারিতে পারে নরে, আহারে বঞ্চিৎ করা হয়। স্বচক্ষেতে করি দৃষ্ট, না করিলে জীব নষ্টঃ দেখ্ তে হয় সঙ্কট উভয় ॥ আমার যে ঘটিল তাই, মম প্রাণাধিক রাই তার কাছে আছি প্রতিশ্রুত। ঘুচাতে কলঙ্কী নাম ছলে মূর্চ্ছা হইলাম, তাতে ছিদাম ডাকে অবিরত। না শুনে বদন বাক্য, ছিদামের সজলাক্ষ, বক্ষ যেন বিদীর্ণ হইল ॥ সখা বৃক্ষ ছেদ হেরে দুঃখে নিজ বক্ষোপরে, চক্ষের জলে ভাসিতে লাগিল। পরে নন্দ শুনে তত্ত্ব, হয়েযেন উমমত্ত, পবন প্রায় আসি নিজ পুরে। হেরিয়ে বলরামেরে, বলরে বলো আমারে, কি শুনিলাম মরি রে মরি রে ॥

রাগিণী আসিয়া। তাল জৎ।

কি শুনিলাম প্রাণে মলাম বলরে বলো বলরাম যে বল আমার সম্বল কিবল, আজ নাকি সে বল হারালাম ॥ গোপাল আমার অন্ধের আগু।

সুচ- লো বুঝি নন্দের আশা, আজ নাকি মঙ্কি,
তো ধনে বঞ্চিত হলাম। ব্রজে যে করি রাজত্ব,
গোপাল বিনে সব অনিত্য, অবলম্বন করে নিত্য
এতদিন ব্রজেতে ছিলাম ॥

গোকুল নাথের মুর্চ্ছা দেখি, আকুল হয়ে চিত্তে
শাপ, চিত্তে ক্লেশ পেয়ে অতিশয়। ব্যস্ত হয়ে অস্ত-
রে বক্ষভাসে চক্ষু নীরে, অনুতাপে তাপিত হৃদয়।
তখন ব্যস্ত হয়ে ধনী যথা আছে কমলিনী, বার্ত্তা
দিতে শীঘ্র যাত্রা করে। হেথায় যেমন ন্যায়, কুটি-
লের বাক্য দায়, জ্বালাতন আছেন অন্তরে ॥ সেই
স্থানে চিত্রে গিয়ে, চিত্তে জ্ঞান হারাইয়ে, কাতরে
কথ শুনগো কিশোরী। যার লাগি আদরিণী, হয়ে
ছিলি কমলিনী, সে সাধ ঘুচিল আহা মরি ॥ রাই
তোমার নয়ন তারা, মুদেছে দুই নয়ন তারা, ত্বরা
য় যাও রাধায় শয্যা আছেন। গোপীর সুখ হলো
হতো, প্রাণ হয়েছে কণ্ঠাগতো, প্রাণের মাধব বাঁ-
চেন কি না বাঁচেন ॥ ভরসা ছিল শ্যামপদ, ঘুচলো
সুখ সম্পদ, কি বিপদ মরি প্রাণেযায়। যার জন্য
গোকুলে, কালি দিলে গোকুলে, বুঝি অকূলে ভাসা-
লে ... দ কায় ॥ গুরু গঞ্জন পরিহরি, হায় গেয়ে
পরি হরি, রিদয়ে রাখিয়ে ছিলে প্যারী। কোন
চোর এসে হরি নিলে, ফুরাল গো হরিনিলে, মরি হ
কেমনে প্রাণ্ধরি ॥ প্রাণ বন্ধু হলো বিদায়, অন্তের

মত দেখিনে আয়, আর পারিনে দেখিতে বদন। কার উপরে করিবি মান, ঘুচলো তোর অভিমান, মানেরে ত্যজগো জীবন॥

রাগিণী ললিত। তাল একতালা

ওরাজ নন্দিনী, ত্রিলোক বন্দিনী, পেয়েছো কি কিছু শুভধ্বনি। অকস্মাৎ সুখাদেশ, বিধি নিদয় হলো, হরেনিল নীলকান্ত মণি॥ যার লাগি কালি দিয়েছিলে কুলে, সে বুঝি তোমায় ভাসালে ভাসালে, গোকুলে অকূলে, তাই তোমারে ফেলে, মধুযামিনে একবার দেখলে চন্দ্রাননী। সাধনের ধন নিধন হলো ব্রজে, কিধন রয়েছে বি গোকুল মাঝে, বলিতে হৃদ সংকোচে, বজ্রসম বাজে, কিশোরীগো হয়ে আদরিণী, হলি কাঙ্গালিনী॥

চিত্রের মুখে কমলিনী, শুনি কৃষ্ণের মূর্চ্ছা বাণী, হয়ে প্রায় উন্মাদিনী, যান এলোকেশে। কুটিলে শুনে এসংবাদ, বলে আহা মিটালে সাধ, ঘুচলো রাধার পরিবাদ, মলো সর্ব্বনেশে॥ রাধার কত ব্যাধি, ঘুচাতে শ্যাম গুণনিধি, করেছে কবির উপ স্মরণ করেন একা। মায়াকরি হৃষিকেশ, বেদ্যের ধরিবেশ, নন্দালয় হতে প্রবেশ, বৃন্দে সঙ্গে দেখা দেখে বৃন্দেরে কন কমলাঁখি, ওহে বৃন্দে শশীমুখী কালশশী মুর্চ্ছা না কি, হয়েছে আকস্মাৎ। এক

িব্রামাত্র, লইয়া ঔষধপাত্র, এসেছিহে যারতত্র
চায় ব্রজনাথ ।। শুনেকহে বৃন্দেনারী, কে তুমি
চিন্তেনারি, তাইতে মনে চিন্তেকরি, বলো কি
ধর । তোমার নিবাস কুত্র, কেতুমিহে কাহার
ত্র, দেখিয়ে ঔষধপাত্র, বোধহয় বৈদ্যবর ।। তো
ম চেন২ করিবেন, কিন্তু চিন্তেনারিকেন, কপট
জিয়া মোরে পরিচয় দেওহে । শুনেকন বাঁকা
ম, হরিবৈদ্য মমনাম, এব্রজমণ্ডলে ধাম, শুনসমু
খে ।। তুমি আমায় নারচিন্তে, তাইতে মনেকর
ন্তে, আমিহে তোমারে চিন্তে পেনেছি এক্ষণে ।।
মি চিনি জগজনে, অল্পজনে আমায় জানে, যে
নে তায় নিদানে, রাখি কৃপাদানে ।। শুনে গো
ন্দর প্রতি, বলে বৃন্দে পেয়েপ্রীতি,কর দেখিয়ে
প্রতি, মাস্পুর্ত্তি করণ । আমরা ব্রজে যত নারী
ব্যাধিতেজ্বলেমরি, দেখদেখিহেধরেনাড়ী, কেমন
ষ্ট যাতনা ।। আছেআমাদেরএকটা রোগ, অষ্ট
রূ হয় ভোগ, আরোগ্য হইবার সুযোগ, নাই
গুণনিধি । শুনেকন বাঁকাহরি, অগ্রেযাই নন্দ
রী, পশ্চাৎ হেসুন্দরী, দেখব ভবব্যাধি ।। শুনে
নী কয়, মহতের এউচিতনয়, কাঙ্গালে তুচ্ছ
রেযায়, এবড় বেজায়হে ।। দেখ সগরবংশ উর্দ্ধা-
তে, গঙ্গা আনে ভগীরথে, যেপাপীলোক ছিল
থে, তারাও স্বর্গেযায়হে ।। তিনিযে ভুবন মান্য

মহতের অগ্রগণ্যা, কিবল সগরবংশজন্যো, জ... ম্নি পণ্‌করে। ত্রিলোক উদ্ধারিণী গঙ্গে, স্ববা... বার অঙ্গে, প্রদানে ভবতরঙ্গে, নিদানে নিস্তা... তুমি যারেবলে নন্দাস্বয়, পথেকেহ শরণলয়, ... তুচ্ছ করিলেহয়, নীচ ব্যাভার সম্পূর্ণ। তাইতে... যারেকই, কৈ তব মহত্ত্ব কৈ, মহতলোকে যশ... নাহি চাহে অন্য॥

তাহা বিশেষ কেমন। যেমন নিদানেশ্ব ... অগ্রেকরি পরীক্ষে, পশ্চাৎ মন্দ সমক্ষে, যেও... তবে। সামান্য কথাতে বলে, পিতেস জিনে ... ক্ষেয় চলে, এব্যাধি আরোগ্যহলে, বিদ্য্য বে... যাবে॥ শুনেকন কালশশী, গুহেবৃন্দে কুরূপসী, ব্যাধেতে দিবানিশি, জলতাই বল। বৃন্দেবলে... হরি, আমরা বৃন্দের যতনারী, এক ব্যাধিতে ... মরি, গেল কুলশীল॥

রাগিণী আলিয়া। তাল যৎ।

বিষমব্যাধি আছে গোপীরবল দেখিকিসে যায়। শুনে শ্যামের বংশীধনি মণিহারা ফণীপ্রায়॥ এরোগ আছেজন্মাবধি, কোথা মনা পাই ঔষধি, যেযাতনা একব্যাধির, ... কায় অলেকায়, লোকলাজ পরিহরি, সদা বাঞ্ছা হেরি হরি, ঘরেত রহিতে নারি, ... হেরিয়ে সেকালায়। যদিধরে কোনহস্ত...

জীষ্ট ॥ ওহে হরি পিরিত করা প্রবৃত্ত নিকৃষ্ট । । মের শত্রু পাপ কলঙ্ক ক্রমে হয় ঘনিষ্ঠ ॥

রাগিণী ঝিঝিট। তাল কওয়ালী।

কি গুণ জানেগো শ্যামের বাশীতে। শুনে বাশী হই উদাশী যত গোকুল বাসিতে ॥ ননদীর বাক্যে নয়ন জলে ভাসিতে, তবুযে শাশুড়ীতে মনে কালায় ভালবাসিতে, হয় ঘোর নিশিতে, বনে প্রবেশিতে, বাজায় বাশী, কালশশী, গোপীর কুলনাশিতে ॥ গোপীরকুলকাটেকালার প্রেমরূপ অসিতে এরোগ ঘুচালে পার গোপীর মন তুষিতে শ্যামাঙ্গ পরশিতে, থাকি হরষিতে, নাকি মোরা কুলনারী পতিসহ বসিতে ॥

বৃন্দের বচন শুনি কহেন শ্রীপতি। এমন দিতেপারি রসবতী ॥ পীরিত করিবে তথাচ কেতে বলবে সতী। এমন সুখের প্রেম করিতে কিবা ক্ষতি ॥ ওহে বৃন্দে বৃন্দারণ্য আর যত শ্যাম প্রেমাধিনী বিনে সবে হবে অসতী ॥ অগ প্রেমে সুখে করিবেগতি। কলংকিনী নাকয় ক্ষতি কিহে দূতী ॥ যেমন চোরকে যদি সাধুর শের বিরুদ্ধ নয়, তবে তার কিদুঃখ, চোর হই যদি মুর্খ কে পণ্ডিত বলে, বিদ্যানের কলকাল কিদুঃখ সে অবস্থায় রয়েছে ॥ যদি দীনকে

ক হারাহয়ে দংশে কাল ফণীতে। বেরয়না প্রাণ কেমন পাষাণ পারিনে তাজালিতে॥ যদিবাচে কোণোণা, দিব কত রূপা সোণা, বাসনা হইবেতবেপুউঠলে আমার প্রাণের গোপাল, চাহ যদি শত গোপাল, বৈদ্যরাজ ভেবোনা তজ্জন্য। মাবলন্তে নীলকান্ত মণি, দিব নীলকান্ত মণি, ধনীবটে রাজরাণি হই। নহি অন্য ধনের কাংগালিনী, গোপাল বিনে পাগলিনী, ওধনবিনে নিধন হয়েছি॥ যদি বাবু জ্ঞেশ্বর, লয়ে স্বর্ণথালে ক্ষীরসর, আছেসব নিতোর বাসনে। শুনেবাক্য বৈদ্যকন, নহে অন্য ধনাকিঞ্চন, বাঞ্ছা আছি মা তোর ঐ গুণে॥

রাগিণী ললিত। তালএকতালা।

অন্যধন নাচাই, ভক্তিধনেরই, বিক্রীত স্বীকৃত হলেমগো রাণী। স্নেহভক্তিডোরে যেবাধে আমারে, কেনাজানে কেনাহই জননী॥ সামান্য ধনেতে নাহি প্রয়োজন, ভক্তিধন যেদেয় সেই প্রিয়জন, বাচিলে ব্রজেশ্বর, কিঞ্চিৎ ক্ষীরসর, আমায় দিসগো বড়ভাল বাসি খেতে তোর নবনী॥ স্নেহভক্তিগুণে বন্ধন স্বীকারকরি, ঐধনে আমিহই দ্বারের দ্বারি, শুনে কহে হরি, আমি কিসে তরি, ভক্তিনাহিয়ে ভবেরহেরে কাঁপে তনু তরণী দেখে গোপালের কর, বলেন রোগদুষ্কর, [illegible]

...চিবেন ইনিসজন, স্থিরকরমতি। বৃন্দে যতবসতী
...দেখিকেবাসতী, শীঘ্র করযশোমতী তার অনুমতি
...য়ে এই ছিদ্রকুম্ভ, তায় পরিপূর্ণ অম্বু, আনিলে
...রে তবে শম্ভু ঘুচাবেন এইব্যাধি। কররাণী বাটি-
...তে, অনবারি বাটীতে, সেইজলেতে, হবে এই শুভ
...ধি॥ শুনেবলে একরনদী, ভাবিসনে আর নন্দ-
...নী, সাধ্যসতী সত্যজানিঃজা টলেকুটিলে। শুনে
...গিয়ে দ্রুতগতি, ডেকেকয় যশোমতী, দে কুটিলে
...মতি, বাঁচাঃ প্রাণ গোপালে॥ ত্বরায়করে আয়
..., বাচা, মেয়েরমধ্যে তোরা বাচা, বাঁচাও আমার
প্রাণের বাছা, নীলকান্ত মণি। একে কুটিলে অহ
ঙ্কারি, তাতে বল্লে সতিনারী, অগ্নিরউপরে ঘৃতে-
... ঝারি, পড়িল অমনি॥ একে মুর্খ তারবাঙ্গ, মরি
... নিসালে লঙ্গ, একে ধার্ম্মিকতায় সাধুসঙ্গ। একে
...লো ব্যাধিকরৃদ্ধি, তারউপরে খাওয়ালে দির্দ্ধি, একে
...তে তাহে ক্ষীণঅঙ্গ॥ একেসুরুপা তায়সজ্জা, সাধ্য
...তী তার লজ্জ, উষ্ণাঙ্গে পড়িলে ঘৃতের ছিটে।
...কেদাতা তায় মিষ্টভাষি, গলগণ্ডের উপরে ফাঁসি
...য়সাপের উপরেতে পিঠে॥ একে কলঙ্কী বলে
...লোকে, তায় নষ্টচন্দ্র দেখে, কাটাঘায়ে লবনের
...ছিটে। একে চক্ষে হয়না দৃষ্টি, তায় হারালে হাতে
...ষ্ঠি বজ্রাঘাত পড়ে কুজরপিঠে। একে গুমরে

কয়না কথা, তার রাণী বলিল পতিব্রতা, অহঙ্কার
কর কুটিলে নারী। জানিগো রাণী সকল জা
ব্রজের যত পাড়াচলানী, আস্তেযাক ছিদ্রঘটেবারি।
বড়াই বড় বড়াইকরে, বৃন্দেযেন বেঁধেমারে, কেউ
